



২০১৯ সালের জেডিসি পরীক্ষার সময়সূচি

জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) পরীক্ষা-২০১৯

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী ২০১৯ সালের জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) পরীক্ষা অনুষ্ঠিত হবে। প্রয়োজনে বোর্ড কর্তৃপক্ষ এ সময়সূচি পরিবর্তন করতে পারবে।

ক্রমিক	বিষয় পরীক্ষা শুরু সময় সকাল ১০টা	বিষয় কোড	তারিখ ও দিন
১.	কুরআন মাজিদ ও তাজভিদ	১০১	০২-১১-২০১৯ শনিবার
২.	আকাইদ ও ফিকহ	১৩৩	০৩-১১-২০১৯ রবিবার
৩.	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি	১৪০	০৪-১১-২০১৯ সোমবার
৪.	আরবি-১ম পত্র	১০৩	০৫-১১-২০১৯ মঙ্গলবার
৫.	আরবি-২য় পত্র	১০৪	০৬-১১-২০১৯ বুধবার
৬.	বাংলাদেশ ও বিশ্ব পরিচয়	১৪৩	০৭-১১-২০১৯ বৃহস্পতিবার
৭.	গণিত	১০৮	০৯-১১-২০১৯ শনিবার
৮.	ইংরেজি	১০৭	১১-১১-২০১৯ সোমবার
৯.	বিজ্ঞান	১১৭	১২-১১-২০১৯ মঙ্গলবার
১০.	বাংলা	১০৬	১৩-১১-২০১৯ বুধবার

নির্দেশাবলী :-

- প্রশ্নপত্রে উল্লিখিত সময় অনুযায়ী পরীক্ষা গ্রহণ করতে হবে।
- সৃজনশীল ও বহুনির্বাচনি পরীক্ষায় একই উত্তরপত্র ব্যবহার করতে হবে।
- নিয়মিত ও অনিয়মিত পরীক্ষার্থীদের ক্ষেত্রে শারীরিক শিক্ষা ও স্বাস্থ্য এবং কর্ম ও জীবনমুখী শিক্ষা বিষয়ের মধ্যে যে কোন একটি এবং কৃষি শিক্ষা/গার্হস্থ্য বিজ্ঞান/উর্দু/ফার্সি বিষয়ের মধ্যে যে কোন একটি এনসিটিবি/এনসিসি এর নির্দেশনা অনুসারে ধারাবাহিক মূল্যায়নের মাধ্যমে প্রাপ্ত নম্বর শিক্ষা প্রতিষ্ঠানসমূহ সংশ্লিষ্ট কেন্দ্রকে সরবরাহ করবে। পরীক্ষার্থীর রোলনম্বর পাওয়ার পর সংশ্লিষ্ট কেন্দ্র সচিব পরীক্ষা চলাকালীন বোর্ডের ওয়েবসাইটে অনলাইনের মাধ্যমে ধারাবাহিক মূল্যায়নের প্রাপ্ত নম্বর এন্ট্রি করে বোর্ডে প্রেরণ করবেন।
- পরীক্ষার্থীগণ তাদের প্রবেশপত্র নিজ নিজ প্রতিষ্ঠান প্রধানের নিকট হতে পরীক্ষা আরম্ভের কমপক্ষে তিনদিন পূর্বে সংগ্রহ করবে।
- পরীক্ষার্থীগণ নিজ নিজ উত্তরপত্রের OMR ফরমে পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, বিষয় কোড ইত্যাদি নির্ভুলভাবে লিখে বৃত্ত ভরাট করবে। কোন অবস্থাতেই মার্জিন টানা যাবে না কিংবা অন্য কোন প্রয়োজনে উত্তরপত্র ভাঁজ করা যাবে না।
- পরীক্ষার্থীকে প্রত্যেক বিষয়ে স্বাক্ষরলিপিতে অবশ্যই স্বাক্ষর করতে হবে। পরীক্ষায় অংশগ্রহণের এটি একটি নির্ভরযোগ্য দলিল।
- প্রত্যেক পরীক্ষার্থী কেবল নিবন্ধনপত্রে/প্রবেশপত্রে বর্ণিত বিষয়/বিষয়সমূহের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। কোন অবস্থাতেই ভিন্ন বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। বোর্ডের পূর্বনুমতি ব্যতিরেকে ভিন্ন বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করলে সংশ্লিষ্ট কেন্দ্র সচিব ও কক্ষ প্রত্যবেক্ষকের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- পরীক্ষার্থীগণ পরীক্ষায় সাধারণ সাইসিটফিক ক্যালকুলেটর ব্যবহার করতে পারবে এবং এনালগ ঘড়ি সাথে রাখতে পারবে। এছাড়া অন্য কোন ইলেকট্রনিক ডিভাইস সাথে আনতে পারবে না।
- কেন্দ্র সচিব ব্যতীত অন্য কেহ পরীক্ষা কেন্দ্রে মোবাইল ফোন ব্যবহার করতে পারবেন না। কেন্দ্র সচিব যোগাযোগের স্বার্থে সাধারণ (নন-এনড্রয়েড) মোবাইল ফোন ব্যবহার করতে পারবেন।
- পরীক্ষার্থীকে অবশ্যই পরীক্ষা শুরুর ৩০ মিনিট পূর্বে পরীক্ষা কক্ষে আসন গ্রহণ করতে হবে।



মোঃ কামাল উদ্দিন
পরীক্ষা নিয়ন্ত্রক

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোন : ৫৮৬১০২০২, ফ্যাক্স: ৫৮৬১৯৯০৮

ই-মেইল: controller@bmeb.gov.bd